

৩৬

দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 JUN 1997 ...  
পৃষ্ঠা ১২ কলাম ... ২ ...

### শিক্ষা প্রতিষ্ঠানে একদিন সাপ্তাহিক ছুটি থাকবে

সরকার সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বাস্তব অবস্থা পর্যালোচনা করে স্কুল-কলেজগুলোতে শুক্রবার সাপ্তাহিক ছুটি পালন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক উচ্চ পর্যায়ের সভায় মূল্যায়ন করা হয় যে, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এমনভাবেই বিভিন্ন কারণে ছুটিও বন্ধ থাকে। এই দীর্ঘ ছুটির সাথে সরকার ঘোষিত দু'দিন ছুটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োগ করা হলে শিক্ষাকার্যক্রম ব্যাহত হবে। অনেক ক্ষেত্রে পাঠ্যসূচী শেষ করা সম্ভব হবে না। সুতরাং সরকার ঘোষিত দু'দিনের সাপ্তাহিক ছুটি শিক্ষা প্রতিষ্ঠানে কার্যকরী হবে না। বিশ্ববিদ্যালয়সমূহ তাদের নিজস্ব সিগন্যেট ও অন্যান্য নীতি-নির্ধারনী পরিষদের মাধ্যমে সাপ্তাহিক ছুটির বিষয়টি নির্ধারণ করবে। তথ্য বিবরণী।